আজকের কাগজ

তারিখ 13 DEC 1992
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6 ...

48

# লাকসাম কলেজে ছাত্রলীগ–শিবির সংঘর্ষ

গতকাল শনিবার সকালে লাকসাম সরকারি কলেজে ছাত্রলীগ ও ছাত্র শিবিরের মধ্যে এক সংঘর্ষে উভয় পক্ষের ৬ জন আহত হয়েছে।

গত শুক্রবার রাতে সিংজোড় গ্রামে ছাত্র শিবির সমর্থক জাকির হোসেনের সঙ্গে একই গ্রামের যুবকদের মধ্যে সংঘর্ষ হয়। এরই জের হিসেবে ছাত্র শিবির কলেজে ছাত্রলীগ কর্মী সিংজোড় গ্রামের দুলালকে মারধর করে। এ ঘটনার খবর পেয়ে ছাত্রলীগের কর্মীরা কলেজে যায় এবং ছাত্র শিবিরের কর্মীদের সঙ্গে তর্ক–বিতর্ক শুরু করে। এক পর্যায়ে ছাত্র শিবিরের কর্মীদের হাতে লাকসাম থানা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আঃ আউয়াল মজুমদার, কলেজ শাখার সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম ও নূরুল মারাত্মকভাবে আহত হয়। পরে এদেরকে থানা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। ছাত্রলীগের কিছুসংখ্যক কর্মী কলেজের ৩য় তলায় আশ্রয় নিলে শিবির কর্মীরা ইট নিক্ষেপ করে। লাকসাম থেকে মোঃ হুমায়ুন কবির।